গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা।
www.chicd.gov.bd

# "কাস্টমস নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা এর অধীনে আইসিডি বন্দর ইয়ার্ডে রক্ষিত আমদানিকৃত বিভিন্ন ধরণের পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলাম সেল নাম্বার ০১/২০২৫ এর মাধ্যমে আগামী ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে সীলড টেন্ডারের মাধ্যমে নিলাম প্রক্রিয়ায় বিক্রয় করা হবে। পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশ গ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।-

<u>দরপত্র সিডিউল বিক্রয়</u> ঃ আগামী ১৭/০৯/২০২৫খ্রি. তারিখ হতে ০৫/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরকারি নিলামকারী মেসার্স আল-আমিন ট্রেডার্স, কাস্টমস হাউস আইসিডি, বর্ধিত ভবন (২য় তলা) কমলাপুর, ঢাকা অফিস (মোবাইল নং-০১৮৪১-৫৪৭২৭৮) হতে ক্যাটালগ মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্র সিডিউল মূল্য ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধপূর্বক ক্রয় করা যাবে। দরপত্র সিডিউল এর সাথে পণ্যের ক্যাটালগ ও নিলামের সাধারণ নিয়মাবলী সংক্রান্ত তথ্য ফরম পাওয়া যাবে।

<u>পণ্য পরিদর্শন</u> ঃ আগামী ২৪/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে ২৫/০৯/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত নিলাম পণ্য পরিদর্শন করা যাবে।

**<u>দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়</u> ঃ** ০৬/১০/২০২৫ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত।

**<u>দরপত্র দাখিলের স্থান</u> ঃ**

(১) জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা;
(২) কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা;
(৩) ঢাকা কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা;
(৪) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিন), আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা;
(৫) কাস্টমস হাউস, চট্টগ্রাম

উক্ত দপ্তরসমূহের রক্ষিত টেন্ডার বক্সে উদ্বৃত মূল্যের অন্যূন ১০% জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহ দাখিল করতে হবে।

**<u>দরপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান</u> ঃ** ০৭/১০/২০২৫ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা। সম্মেলন কক্ষ, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা। (আগ্রহী দরদাতা/প্রতিনিধিগণের উপস্থিতিতে দরপত্র বাক্স/প্রাপ্ত দরপত্র উন্মুক্ত করা হবে)।

**<u>দরদাতার যোগ্যতা</u> ঃ** নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, টিআইএন সনদপত্র, হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র, ব্যাংক স্টেটমেন্ট এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ মূসক নিবন্ধন সনদ, হালনাগাদ আয়কর সনদ, হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়ন পত্র এবং ব্যাংক একাউন্ট প্রত্যয়নপত্রের ফটোকপিসহ উভয় ক্ষেত্রে দরপত্রে (সিডিউল) উল্লিখিত প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ১০% হারে যেকোন তফসিলি ব্যাংক হতে (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) জামানত হিসেবে কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর পে-অর্ডার দাখিল করতে হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্ত পরিপালন, রীট মামলা যাচাই ও বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালন এবং খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত স্বাপেক্ষে পণ্যচালান খালাসযোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর (AIT) ও মূসক (VAT) পরিশোধ করতে হবে।

<u>সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে)</u> ঃ ২৮/০৯/২০২৫ খ্রিঃ

প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ শাহ আলম, গুদাম কর্মকর্তা, মোবাইল নং-০১৬৮১-৭১১৫৩০ এবং জনাব মোঃ তারিকুল ইসলাম, সহকারী রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা) মোবাইল নং-০১৫১৫-২০১১৯৪ সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যদি কোন দরদাতা জাল পে-অর্ডারসহ অন্য কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করেন অথবা প্রভাব বিস্তারের চেষ্টা করেন তাহলে উক্ত দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ফৌজদারি আইনে কার্যক্রম গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে যে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন।

আদেশক্রমে,

মোঃ মতলেবুর রহমান
সহকারী কমিশনার (নিলাম)
কাস্টম হাউস আইসিডি,
কমলাপুর, ঢাকা
ফোনঃ ০২-৪৮৩১৩৮৪৩
ই-মেইলঃ icdcus@gmail.com